দৈনিক বাংলা

তারিখ 01 JUN 1991
পৃষ্ঠা 8 কলাম 6

# ভিসির বিরুদ্ধে ব্যবস্থা নিন ঃ চট্টগ্রাম ভার্সিটি শিক্ষক সমিতি

চট্টগ্রাম, ৩১শে মে (বাসস)।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল এক জরুরী বৈঠকে বিশ্ববিদ্যালয়ের ২২শে ডিসেম্বরের ঘটনা সম্পর্কে তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী ভাইস চ্যান্সেলরের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছেন। সমিতির এক প্রেস বিজ্ঞপ্তিতে আজ একথা বলা হয়।

সমিতির সভাপতি প্রফেসর ইউসুফ শরীফ আহমদ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বলা হয়, ১লা জুন নাগাদ ভাইস চ্যান্সেলরের বিরুদ্ধে ব্যবস্থা গৃহীত না হলে ২রা জুন থেকে সকল প্রশাসনিক ও শিক্ষাদান কাজ বন্ধ করা হবে।

২২শে ডিসেম্বরের ঘটনার ব্যাপারে সরকার গঠিত তদন্ত কমিটির রিপোর্ট বাস্তবায়নে বিলম্বের কারণে সভায় ক্ষোভ প্রকাশ করা হয়।

**সর্বদলীয় ছাত্রঐক্যের দাবী**

আজ এখানে ডাঃ মিলন চত্বরে অনুষ্ঠিত সর্বদলীয় ছাত্র ঐক্যের সমাবেশে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ২২শে ডিসেম্বরের ঘটনায় সন্ত্রাসী তৎপরতায় জড়িতদের গ্রেফতারের দাবী জানানোহয়।

চাকসু ভাইস প্রেসিডেন্ট নাজিমউদ্দীনের সভাপতিত্বে সমাবেশে অন্যান্যের মধ্যে ভাষণ দেন চাকসু সাধারণ সম্পাদক আজিজউদ্দীন, অপসু নেতৃবৃন্দ মজুর আলম শাহীন, নাজমুল করিম দুলাল ও মোকাদ্দেস আলী মজুমদার।